দৈনিক
আমাদের সময়

তারিখ 26 APR 2016
পৃষ্ঠা 3 কলাম 2

# চবি ছাত্রলীগ জিম্মি দুই নেতার হাতে

মীর রাতুল হাসান, চট্টগ্রাম ● ছাত্রলীগের স্থগিত হওয়া কমিটির সভাপতি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) সাধারণ সম্পাদকের হাতে জিম্মি হয়ে পড়েছে গোটা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। পছন্দের কর্মীদের ভালো পদে বসাতে এক বছর মেয়াদের দুই সদস্যের কমিটি পার করেছে নয় মাস। কেন্দ্রীয় ছাত্রলীগ একাধিকবার পূর্ণাঙ্গ কমিটির তালিকা কেন্দ্রে পাঠানোর নির্দেশ দিলেও তা মানছে না এ দুই নেতা। এ কারণে চবি ছাত্রলীগের মধ্যে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। নয় মাসেও কমিটি পূর্ণাঙ্গ করতে না পারায় কেন্দ্রীয় ছাত্রলীগ চবিতে সংগঠন নিয়ে নতুন করে চিন্তাভাবনা করছে বলে জানা গেছে।

এ বিষয়ে জানতে চাইলে কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন আমাদের সময়কে বলেন, ছাত্রলীগের কোনো ইউনিটই ব্যক্তির হাতে জিম্মি হতে পারে না। টিপু ও সুজন যদি পূর্ণাঙ্গ কমিটির তালিকা কয়েকদিনের মধ্যে না দেয়, তাহলে চবি ছাত্রলীগের ব্যাপারে নতুন করে চিন্তাভাবনা করা হবে।

সূত্র জানায়, ২০১১ সালের ২৫ জুন ছয় বছর পর চবি ছাত্রলীগের কমিটি গঠন করা হয়। বারবার সংঘর্ষে জড়িয়ে পড়ায় ২০১৪ সালের ১০ জুলাই এ কমিটি বাতিল করে দেয় কেন্দ্রীয় ছাত্রলীগ। কমিটি বাতিলের এক বছর পর নতুন কমিটি গঠন করা হয় ২০১৫ সালের ২০ জুলাই। এক বছরমেয়াদি এ কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুসারীরা দফায়-দফায় সংঘর্ষে জড়িয়ে পড়ায় সাত মাসের মাথায় কমিটির কার্যক্রম স্থগিত করে দেয় কেন্দ্রীয় কমিটি। এর মধ্যেই স্থগিত হওয়া কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে কয়েকবার পূর্ণাঙ্গ কমিটির তালিকা জমাদানের নির্দেশ দেয় কেন্দ্রীয় কমিটি।

চবি ছাত্রলীগের সাবেক ক্রীড়া সম্পাদক মোহাম্মদ মামুন বলেন, কমিটি গঠনের পর সভাপতি ও সাধারণ সম্পাদক মিলে চবি ছাত্রলীগকে এক প্রকার জিম্মি করে রেখেছে। এক বছর মেয়াদের এ কমিটির তিন মাস থাকলেও তারা পূর্ণাঙ্গ কমিটির তালিকা জমা

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## চবি ছাত্রলীগ জিম্মি

(৩ এর পৃষ্ঠার পর) দিতে পারেনি। দুজনের কারণে শত-শত ছাত্রলীগ নেতাকর্মী দলীয় পরিচয় থেকে বঞ্চিত হতে পারে না। এ প্রসঙ্গে চবি ছাত্রলীগের স্থগিত হওয়া কমিটির সাধারণ সম্পাদক ফজলে রাব্বী সুজন বলেন, আমার দিক থেকে তালিকা তৈরির কাজ সম্পূর্ণ শেষ হয়েছে। এখন শুধু পাঠানো বাকি। আগামী মে মাসের মধ্যেই চবি ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা সম্ভব হবে বলে আমরা আশা করছি। সভাপতি আলমগীর টিপু জানান, আমি চাইলেই আমার ইচ্ছামতো নাম জমা দিতে পারি না। এ ব্যাপারে অনেকেই অসহযোগিতা করায় দীর্ঘ সময় লেগেছে। আগামী মাসেই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।